

০২.১২.২০২০

বাংলাদেশের সর্বাধিক প্রচারিত জাতীয় দৈনিক

বাংলাদেশ প্রতিদিন



প্রকল্প পরিচালকের কার্যালয়
মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম



ইসলামিক ফাউন্ডেশন
(প্রতিষ্ঠাতা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান)
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(www.ifmoushik.gov.bd)

স্মারক নং-১৬.০১.০০০০.০২৫.১৯.১৩০.২০ তারিখঃ ০১/১২/২০২০ খ্রিঃ

মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম
(৭ম পর্যায়) শীর্ষক প্রকল্পের শিক্ষা
কেন্দ্র ও শিক্ষক বাছাই বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক ব্যবহৃত নবীন মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (৭ম পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় ৬৪ জেলায় সম্পূর্ণ আঞ্চলিকভাবে ২০২১ শিক্ষাবর্ষে জেলা/উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে প্রাক-প্রাথমিক/সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের মূল পদে শিক্ষক হতে আগ্রহী প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নিম্নবর্ণিত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

১. ইসলামিক ফাউন্ডেশনের বিত্তগত/জেলা কার্যালয় থেকে মূল কেন্দ্রের সংখ্যা ও এলাকার নাম ইত্যাদি জানা যাবে। কোন উপজেলার মূল কেন্দ্র না থাকলে সেই উপজেলার কেন্দ্র-শিক্ষক পদে আবেদন করার প্রয়োজন নেই।
২. প্রাক-প্রাথমিক কেন্দ্র শিক্ষক পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কুরআনসহ কমপক্ষে ২য় শ্রেণির এসএসসি/দাখিল/কওমী মাদ্রাসার ২য় শ্রেণির শরহে বেকায়্যা/সমন্বানের পাস হতে হবে। আবেদনকারীকে পবিত্র কুরআন শরীফ পাঠদানে পারদর্শী হতে হবে।
৩. সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষক পদে আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা কমপক্ষে ২য় শ্রেণির দাখিল শরহে বেকায়্যা/সমন্বানের পাস হতে হবে। তবে সাধারণ শিক্ষায় শিক্ষিত (কমপক্ষে এসএসসি পাস) হাফেজ/মসজিদদের ইমাম-মুয়াজ্জিন আবেদন করতে পারবেন। ইমাম-মুয়াজ্জিন বাতীত সাধারণ শিক্ষায় শিক্ষিত নারী পুরুষ কুরআন শিক্ষা কেন্দ্রের শিক্ষক হতে পারবেন না।
৪. শিক্ষক পদে আবেদনকারীর বয়স ১৮-৬০ বছরের মধ্যে থাকতে হবে।
৫. কেন্দ্র-শিক্ষকের মাসিক সম্মানী ভাতা ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং তিনি বছরে মাসিক সম্মানীর সমপরিমাণ ২টি উপসহ ভাতা প্রাপ্য হবেন।
৬. আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, বয়স, জাতীয়তা, ধর্ম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, অতিজ্ঞতা, কেন্দ্রের নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৭. আবেদনপত্রের নমুনা কপি ইসলামিক ফাউন্ডেশনের ওয়েবসাইটে (www.islamicfoundation.gov.bd) পাওয়া যাবে।
৮. আবেদনকারীকে আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ, ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৯. সরকারি/সরকারি অনুদানপুষ্ট কোন প্রতিষ্ঠানে আংশিক/পূর্ণভাবে চাকুরিতে নিযুক্ত থাকলে শিক্ষক পদে আবেদন করা যাবে না।
১০. আবেদনকারী যে কেন্দ্রের শিক্ষক হতে ইচ্ছুক সেই কেন্দ্রের নাম এবং শিক্ষার্থীদের তালিকা আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। প্রাক-প্রাথমিক কেন্দ্রের জন্য ৪ হতে ৫+ বছর বয়সের ৩০ জন শিক্ষার্থী এবং সহজ কুরআন শিক্ষা কেন্দ্রের জন্য ৩৫ জন শিক্ষার্থীর তালিকা দিতে হবে।
১১. আবেদনকারীর বাসস্থান/বাড়ি তার কেন্দ্র এলাকার ৫০০ মিটারের মধ্যে হতে হবে।
১২. প্রার্থী বিতর্কিত কোন রাজনৈতিক দল/গোষ্ঠী বা কোন জঙ্গি গ্রুপের সাথে জড়িত নন এ মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের প্রত্যয়ন থাকতে হবে।
১৩. আবেদনকারীকে আবেদনপত্রের সাথে তার সম্পর্কে মসজিদ কমিটি/কমিউনিটির লিখিত প্রত্যয়ন/অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।
১৪. আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য প্রদান করলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৫. আগামী ১০/১২/২০২০ তারিখ অফিস চলাকালীন নিজ নিজ জেলার ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয়/জেলা কার্যালয়ের পরিচালক/উপ-পরিচালক বরাবর তার কার্যালয়ে/মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের উপজেলা মডেল রিসোর্স সেন্টারে আবেদনপত্র জমা দিতে হবে। প্রকল্প কার্যালয়ে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

স্বাক্ষর

(ফারুক আহমেদ)
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
ফোনঃ ০২-৮১৮১৫৫৪

জি-১৯৩২/২০ (৮' X ২)

E-mail: pdmbcmep@gmail.com